প্রথম আলো

তারিখ ... 05 MAY 2005
পৃষ্ঠা ... ৪

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেমিনারে বক্তারা

# জ্যামিতিক হারে শিক্ষার সুবিধা বাড়লেও গাণিতিক হারেও মান বাড়েনি

নিজস্ব প্রতিবেদক

দেশের শিক্ষাব্যবস্থায় সুযোগ-সুবিধা বহুগুণ বাড়লেও গুণগত মান বাড়েনি। এ অবস্থায় সুশিক্ষিত না হলে যত পরিকল্পনাই করা হোক না কেন, তা কোনো কাজেই আসবে না। গতকাল বুধবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে 'একটি উন্নত জাতি গড়তে চাই উন্নত মানের শিক্ষা' বিষয়ক এক সেমিনারে বক্তারা এ কথা বলেন।

রাজধানীর বিয়াম মিলনায়তনে সেমিনারের প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্যমন্ত্রী খন্দকার ড. মোশাররফ হোসেন। তিনি বলেন, যে উদ্দেশ্য নিয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়েছিল, কিন্তু বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডের ফলে তা এখন প্রশ্নবিদ্ধ হয়ে পড়েছে। তিনি বলেন, সার্টিফিকেট বিক্রির মাধ্যমে শিক্ষার প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। সাংসদ ফজলুল হক মিলন বলেন, শিক্ষা; অবকাঠামোর সুবিধা জ্যামিতিক হারে বাড়লেও গাণিতিক হারেও শিক্ষার মান বাড়েনি।

মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের অধ্যক্ষ শরীফুল ইসলাম মিরপুরের মণিপুর স্কুলের প্রধান শিক্ষকের অপসারণের তীব্র নিন্দা করে বলেন, এত ভালো একজন শিক্ষককে সন্ত্রাসীরা বিদায় করলেও তার কোনো বিচারই হয়নি। তিনি বলেন, কোনো অশিক্ষিত সাংসদ যদি শিক্ষকদের ওপর খবরদারি করেন তাহলে শিক্ষকরা কোথায় যাবেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আফতাব আহমাদের সভাপতিত্বে সেমিনারে আরো বক্তব্য রাখেন সাংসদ মেহেদী আহমেদ রুমী, উপ-উপাচার্য অধ্যাপক এম আমিনুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ আবুল কালাম আজাদ প্রমুখ। সেমিনারের দ্বিতীয় পর্বে বিভিন্ন কলেজের অধ্যক্ষরা শিক্ষাব্যবস্থা নিয়ে বিভিন্ন পরামর্শ দেন।